গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-২
www.sylhetdiv.gov.bd

বিষয়: বিভাগীয় আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | : ১৯ মার্চ ২০২৪ |
| সভার সময় | : দুপুর ১২:০০ টা |
| স্থান | : বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট-এর সম্মেলনকক্ষ |
| উপস্থিতি | : উপস্থিতি তালিকা সংযুক্ত (ক) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) ও অত্র কমিটির সদস্য-সচিব আলোচ্যসূচি উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোনো প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

০২। সভায় বিগত সভার সিদ্ধান্তসমূহ ও এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। অতঃপর নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**০৩। সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি:**

**সিলেট বিভাগের জানুয়ারি ২০২৪ ও জানুয়ারি ২০২৩ মাসের তুলনামূলক অপরাধ পরিসংখ্যান নিম্নরূপ: (সংযুক্ত-খ)**

| বিভিন্ন অপরাধ | এসএমপি সিলেট | | সিলেট জেলা | | সুনামগঞ্জ জেলা | | হবিগঞ্জ জেলা | | মৌলভীবাজার জেলা | | বিভাগের মোট | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জানুয়ারি ২০২৪ | জানুয়ারি ২০২৩ | জানুয়ারি ২০২৪ | জানুয়ারি ২০২৩ | জানুয়ারি ২০২৪ | জানুয়ারি ২০২৩ | জানুয়ারি ২০২৪ | জানুয়ারি ২০২৩ | জানুয়ারি ২০২৪ | জানুয়ারি ২০২৩ | জানুয়ারি ২০২৪ | জানুয়ারি ২০২৩ |
| **মোট** | **১৪৯** | **১৫৮** | **১৩৭** | **২০৪** | **১১৩** | **৯৪** | **১০৪** | **১১০** | **১০১** | **১৫১** | **৬০৪** | **৭১৭** |

**সিলেট বিভাগের ফেব্রুয়ারি ২০২৪ ও ফেব্রুয়ারি ২০২৩ মাসের তুলনামূলক অপরাধ পরিসংখ্যান নিম্নরূপ: (সংযুক্ত-গ)**

| বিভিন্ন অপরাধ | এসএমপি সিলেট | | সিলেট জেলা | | সুনামগঞ্জ জেলা | | হবিগঞ্জ জেলা | | মৌলভীবাজার জেলা | | বিভাগের মোট | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ফেব্রুয়ারি ২০২৪ | ফেব্রুয়ারি ২০২৩ | ফেব্রুয়ারি ২০২৪ | ফেব্রুয়ারি ২০২৩ | ফেব্রুয়ারি ২০২৪ | ফেব্রুয়ারি ২০২৩ | ফেব্রুয়ারি ২০২৪ | ফেব্রুয়ারি ২০২৩ | ফেব্রুয়ারি ২০২৪ | ফেব্রুয়ারি ২০২৩ | ফেব্রুয়ারি ২০২৪ | ফেব্রুয়ারি ২০২৩ |
| **মোট** | **১৫২** | **১৫৯** | **১৫৯** | **১৯০** | **১২৮** | **১০৩** | **১০৭** | **১০৪** | **১৪৫** | **১৪৭** | **৬৯১** | **৭০৩** |

| **আলোচনা** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নে** |
|---|---|---|

<table>
<tr>
<td>১. গত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:<br><br>জানুয়ারি, ২০২৪ মাসের বিভাগীয় আইন-শৃঙ্খলা কমিটির সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ:<br>
<table>
<tr><th>সভার তারিখ</th><th>গৃহীত সিদ্ধান্তের সংখ্যা</th><th>গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার</th></tr>
<tr><td>১৫ জানুয়ারি, ২০২৪</td><td>৩৮টি</td><td>৩৫টি</td><td>৯২.১১%</td></tr>
</table>
</td>
<td>জানুয়ারি, ২০২৪ মাসের সভায় গৃহীত ৩৮টি সিদ্ধান্তের মধ্যে ৩৫টি সিদ্ধান্ত বাস্তবায়ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অবশিষ্ট ০৩টি সিদ্ধান্ত আগামী সভার পূর্বে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td>
<td>বিভাগীয় আইন-শৃঙ্খলা কমিটির সদস্যবৃন্দ</td>
</tr>
<tr>
<td>২. জানুয়ারি ২০২৪ ও জানুয়ারি ২০২৩ মাসের তুলনামূলক অপরাধ বিবরণী:<br><br>পর্যালোচনায় দেখা যায়, সিলেট বিভাগের জানুয়ারি ২০২৪ মাসের অপরাধ জানুয়ারি ২০২৩ মাসের তুলনায় অনেকাংশে হ্রাস পেয়েছে। জানুয়ারি ২০২৩ মাসের তুলনায় জানুয়ারি ২০২৪ মাসে সিলেট মেট্রোপলিটন এলাকায়, সিলেট, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলায় সামগ্রিক অপরাধ হ্রাস পেয়েছে। অপরদিকে জানুয়ারি ২০২৩ মাসের তুলনায় জানুয়ারি ২০২৪ মাসেসুনামগঞ্জ জেলার সার্বিক অপরাধ কিছুটা বৃদ্ধি পেয়েছে।<br><br>ফেব্রুয়ারি ২০২৪ ও ফেব্রুয়ারি ২০২৩ মাসের তুলনামূলক অপরাধ বিবরণী:<br><br>পর্যালোচনায় দেখা যায়, ফেব্রুয়ারি ২০২৩ মাসের তুলনায় ফেব্রুয়ারি ২০২৪ মাসে সিলেট মেট্রোপলিটন এলাকায়, সিলেট, ও মৌলভীবাজার জেলায় সামগ্রিক অপরাধ হ্রাস পেয়েছে। অপরদিকে ফেব্রুয়ারি ২০২৩ মাসের তুলনায় ফেব্রুয়ারি ২০২৪ মাসে সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার সার্বিক অপরাধ সামান্য বৃদ্ধি পেয়েছে।<br><br>সভায় শিশু ধর্ষন, নারী ও শিশুর প্রতি সহিংসতাসহ অন্যান্য অপরাধ প্রবণতা হ্রাসের জন্য নৈতিক শিক্ষা ও মানবিক মূল্যবোধ সৃষ্টি এবং আইনের সঠিক প্রয়োগের উপর গুরুত্বারোপ করা হয়। শিশু ধর্ষণ, নারী ও শিশুর প্রতি সহিংসতা নিরসনে OCC (One Stop Crisis Center) এর একজন উপযুক্ত প্রতিনিধিকে সভায় অংশগ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া OCC কর্তৃক DNA সেম্পল DMC-তে প্রেরণ করা হলে রিপোর্ট পাওয়া সময় সাপেক্ষ হয়। ফলশ্রুতিতে মামলা দীর্ঘায়িত হয় এবং Victim সঠিক বিচার পাননা। যেহেতু DMC হতে প্রতিবেদন পেতে বিলম্ব হচ্ছে সেজন্য DMC-এর পরিবর্তে CID-তে DNA সেম্পল প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>বিভিন্ন নদী, কোয়ারি থেকে অবৈধভাবে পাথর এবং বালু উত্তোলন বন্ধ রাখাসহ পরিবেশগত বিভিন্ন অপরাধ দমনে ওপাহাড়/টিলা কর্তন রোধে মামলা ও জরিমানার সংখ্যা বাড়ানোর লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সুনামগঞ্জ</td>
<td>২.১ শিশু ধর্ষণ, নারী ও শিশুর প্রতি সহিংসতা নিরসনে OCC (One Stop Crisis Center) এর একজন উপযুক্ত প্রতিনিধিকে সভায় উপস্থিত থাকতে হবে।<br><br>২.২ ন্যায়-বিচার নিশ্চিতকরণে ও মামলা দীর্ঘায়িত না করতে OCC কর্তৃক ইতোমধ্যে প্রেরণকত DNA সেম্পল DMC-হতে দ্রুত প্রাপ্তি নিশ্চিত করতে হবে এবং যেহেতু DMC হতে প্রতিবেদন পেতে বিলম্ব হয় সেজন্য DMC-এর পাশাপাশি CID-তে ও DNA সেম্পল প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২.৩ শিশু ধর্ষণ, নারী ও শিশুর প্রতি সহিংসতাসহ অন্যান্য অপরাধ দমনে আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে হবে।<br><br>২.৪ পাহাড়/টিলা কর্তন রোধে মামলা ও জরিমানার সংখ্যা বাড়াতে হবে।<br><br>২.৫ সুনামগঞ্জ</td>
<td>১. ডিআইজি, সিলেট রেঞ্জ<br>২. পুলিশ কমিশনার, এসএমপি<br>৩. সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট<br>৪. সেক্টর কমান্ডার, বিজিবি, শ্রীমঙ্গল<br>৫. জেলা প্রশাসক (সকল)<br>৬. অধিনায়ক, র‌্যাব-৯, সিলেট<br>৭. পুলিশ সুপার (সকল)<br>৮. পুলিশ সুপার, নৌ পুলিশ, সিলেট<br>৯. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট<br>১০. উপপরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| জেলার যাদুকাটা নদীতে লীজকৃত বৈধ বালি উত্তোলন কালে বালির পরিবর্তে ড্রেজার মেশিন দিয়ে পাথর উত্তোলন বন্ধের বিষয়েও সভায় আলোচনা করা হয়। | জেলারযাদুকাটা নদীতে লীজকৃত বৈধ বালি উত্তোলন কালে বালির পরিবর্তে ড্রেজার মেশিন দিয়ে পাথর উত্তোলন বন্ধ করতে হবে। | |
| ইজারাদারদের লীজের টাকা থেকে অধিক পরিমাণে বালি উত্তোলন বন্ধে পিলার দিয়ে সীমানা নির্ধারণসহ সীমানার বাইরে গিয়ে বালি উত্তোলন করলে জরিমানাসহ লীজ বাতিল এর ব্যবস্থা করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।সীমান্তে হত্যা বন্ধে সীমান্তবর্তী এলাকার মানুষদের এ বিষয়ে সচেতন করার লক্ষ্যে প্রশাসন, পুলিশ ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সম্পৃক্ততা ছাড়াও স্থানীয় জনপ্রতিনিধি এবং জনগণকে সরাসরি সম্পৃক্ত করে একযোগে কাজ করতে হবে মর্মে সভায় জানানো হয়। | ২.৬ ইজারাদারদের লীজের টাকা থেকে অধিক পরিমাণে বালি উত্তোলন বন্ধে পিলার দিয়ে সীমানা নির্ধারণ করে দিতে হবে। সীমানার বাইরে গিয়ে বালি উত্তোলন করলে জরিমানাসহ লীজ বাতিল এর ব্যবস্থা করতে হবে।<br><br>২.৭ সীমান্তে হত্যা বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণসহ সীমান্তবর্তী এলাকার মানুষদের এ বিষয়ে সচেতন করার লক্ষ্যে নিয়মিত জনসচেতনতামূলক মতবিনিময় সভার আয়োজন করতে হবে। | |
| তৃণমূল পর্যায়ে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা নিয়মিত আয়োজনসহ সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ২.৮ ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা নিয়মিত আয়োজন এবং এ সংক্রান্ত কার্যবিবরণী সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের ধারা অব্যাহত রাখতে হবে। | |

| | | |
|---|---|---|
| **৩. রোহিঙ্গা সংক্রান্ত:**<br><br>গত ২ মাসে সিলেট বিভাগের কোথাও রোহিঙ্গা অনুপ্রবেশের ঘটনা ঘটে নি। বিভাগের কোথাও কোনো রোহিঙ্গা পাওয়া গেলে তৎক্ষণাৎ তাকে পুলিশের কাছে সোপর্দ করার ব্যবস্থা নিতে হবে এবং পুলিশ সেই রোহিঙ্গাকে কক্সবাজারের ক্যাম্পে পাঠানোর ব্যবস্থা করবে বলে সভায় আলোচনা করা হয়।<br><br>বিভাগের কোনো জেলা হতে রোহিঙ্গারা যেন পাসপোর্ট গ্রহণ করতে না পারে সেজন্য সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে বলে সভায় আলোচনা করা হয়। | ৩.১ বিভাগের কোথাও রোহিঙ্গা পাওয়া গেলে পুলিশের সহায়তায় কক্সবাজার ক্যাম্পে পাঠানোর ব্যবস্থা করতে হবে এবং রোহিঙ্গা অনুপ্রবেশ রুখতে সংশ্লিষ্ট সকলকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।<br><br>৩.২ রোহিঙ্গাদের পাসপোর্ট গ্রহণ রুখতে পাসপোর্ট অফিসসহ সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। | ১. ডিআইজি, সিলেট রেঞ্জ<br>২. পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট<br>৩. সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট<br>৪. সেক্টর কমান্ডার, বিজিবি, শ্রীমঙ্গাল<br>৫. জেলা প্রশাসক (সকল)<br>৬. অধিনায়ক, র‌্যাব-৯, সিলেট<br>৭. পুলিশ সুপার (সকল)<br>৮. উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট |

| | | |
|---|---|---|
| **৪. জঙ্গিবাদ মোকাবিলা:**<br><br>সভায় ভাড়াটিয়াদের তালিকা CIMS (Citizen Information Management System) এ অন্তর্ভুক্তকরণ কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে সকল মডেল মসজিদে স্থানীয় জনপ্রতিনিধি ও সাধারণ মানুষকে সম্পৃক্ত করে জঙ্গিবাদ, উগ্রবাদ ও সহিংসতার বিরুদ্ধে সচেতনতামূলক সভা আয়োজন এবং উক্ত সভাগুলোতে প্রশাসন এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কর্মকর্তাদের আমন্ত্রণ জানানোর বিষয়েও আলোচনা করা হয়।<br><br>ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বিভাগের জেলা ও উপজেলার সকল মসজিদ কমিটির সভাপতি, ইমাম ও খাদিমদের ডাটাবেজ তৈরির কার্যক্রম চলমান আছে মর্মে সভায় জানানো হয়। আগামী সভার পূর্বে এ তালিকা সম্পূর্ণ প্রস্তুতপূর্বক বিভাগাধীন জেলা প্রশাসকের কার্যালয় এবং এ কার্যালয়ে প্রেরণের জন্য সভায় আলোচনা করা হয়।<br><br>এ বিভাগাধীন জেলাসমূহ এবং ইসলামিক ফাউন্ডেশন হতে জঙ্গিবাদ ও মাদক সংক্রান্ত বয়ান, উঠান বৈঠক ও অন্যান্য তথ্য (পূর্বের মাস ও চলতি মাস অনুযায়ী) নিয়মিত তথ্য প্রেরণের ধারা অব্যাহত রাখার জন্য সভাপতি আহ্বান জানান। | ৪.১ ভাড়াটিয়াদের তালিকা CIMS (Citizen Information Management System) এ অন্তর্ভুক্তকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>৪.২ জঙ্গিবাদ, উগ্রবাদ ও সহিংসতার বিরুদ্ধে জনগণকে সচেতন করার জন্য ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক সচেতনতামূলক সভা আয়োজন করতে হবে।<br><br>৪.৩ আগামী সভার পূর্বেই জেলা ও উপজেলার সকল মসজিদ কমিটির সভাপতি, ইমাম ও খাদিমদের ডাটাবেজ তৈরি করতে হবে।<br><br>৪.৪ এ বিভাগাধীন জেলাসমূহ এবং ইসলামিক ফাউন্ডেশন হতে জঙ্গিবাদ ও মাদক বয়ান, উঠান বৈঠক ও অন্যান্য) পূর্বের মাস ও চলতি মাস অনুযায়ী তথ্য প্রেরণ অব্যাহত রাখতে হবে। | ১. ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট<br>২. পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট<br>৩. জেলা প্রশাসক (সকল)<br>৪. অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট<br>৫. পুলিশ সুপার (সকল)<br>৬. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট |
| **৫. জেলা, উপজেলা ও ইউনিয়নে সন্ত্রাস, মাদক ও নাশকতা প্রতিরোধ কমিটির কার্যক্রম জোরদারকরণ:**<br><br>জেলা, উপজেলা ও ইউনিয়নে সামাজিক সম্প্রীতি কমিটির সভা নিয়মিত আয়োজনের ধারা অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। তাছাড়া সীমান্তবর্তী এলাকাসমূহে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে গণশুনানী এবং উঠান বৈঠক করার বিষয়েও সভায় আলোচনা করা হয়। | ৫.১ জেলা, উপজেলা ও ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি এবং সামাজিক সম্প্রীতি কমিটির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>৫.২ সীমান্তবর্তী এলাকাসমূহে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে গণশুনানী ও উঠান বৈঠক নিয়মিত আয়োজন করতে হবে। | ১. সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট<br>২. সেক্টর কমান্ডার, বিজিবি, শ্রীমঙ্গল<br>৩. জেলা প্রশাসক (সকল)<br>৪. পুলিশ সুপার (সকল)<br>৫. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট |

| | | |
|---|---|---|
| **৬. নিরাপত্তা সংক্রান্ত:**<br><br>সভায় Growth Center এর নিকটবর্তী স্থাপনাসমূহে সিসি ক্যামেরা স্থাপন করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।<br><br>সভায় জানানো হয় যে, বেশিরভাগ সরকারি দপ্তর সিসি ক্যামেরার আওতায় এসেছে। প্রত্যেক সরকারি অফিসকে তাদের অফিসের নিরাপত্তা জোরদার করার উদ্যোগ নিতে হবে এবং সিসি ক্যামেরার সার্ভারের তথ্য/ডাটাবেজ অন্ততপক্ষে ১ মাস সংরক্ষণ এবং স্থাপিত সিসি ক্যামেরাসমূহ সচল রয়েছে কি না তা নিয়মিত পরীক্ষার করার বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অপরাধ প্রবণতা হ্রাসে ব্যবসায়ী সমিতি কর্তৃক নিজস্ব উদ্যোগে বিভাগাধীন সকল বাজার/মার্কেটগুলো সিসি ক্যামেরার আওতাভুক্তকরণের উদ্যোগ গ্রহণের বিষয়েও সভায় গুরুত্বারোপ করা হয়। | ৬.১ Growth Center এর নিকটবর্তী স্থাপনাসমূহে সিসি ক্যামেরা স্থাপন করতে হবে।<br><br>৬.২ যেসকল সরকারি দপ্তরে এখনো সিসি ক্যামেরা স্থাপন করা হয়নি সেসকল দপ্তরে দ্রুত সিসি ক্যামেরা স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>৬.৩ সরকারি দপ্তরসমূহে স্থাপিত সিসি ক্যামেরার সার্ভারের তথ্য/ডাটাবেজ অন্তত পক্ষে ১ মাস সংরক্ষণে রাখতে হবে এবং স্থাপিত সিসি ক্যামেরাসমূহ সচল রয়েছে কি না তা নিয়মিত পরীক্ষা করতে হবে।<br><br>৬.৪ ব্যবসায়ী সমিতি কর্তৃক নিজস্ব উদ্যোগে বিভাগাধীন সকল বাজার/ মার্কেটগুলো সিসি ক্যামেরার আওতাভুক্তকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. ডিআইজি, সিলেট রেঞ্জ<br>২. পুলিশ কমিশনার, এসএমপি<br>৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক<br>৪. জেলা প্রশাসক (সকল)<br>৫. পুলিশ সুপার (সকল)<br>৬. সিনিয়র সহকারী কমিশনার, সাধারণ শাখা, বিভগীয় কমিশনারের কার্যালয়, সিলেট<br>৭. সভাপতি, সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি |
| **৭. মাদকের ব্যবহার রোধ:**<br><br>সভায় জানানো হয় যে, মাদকের ব্যবহার রোধে বিজিবি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক নিয়মিত মাদক বিরোধী অভিযান পরিচালনা করা হচ্ছে। তাছাড়া মাদকের কুফল সম্পর্কে সচেতন করতে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রচারণার লক্ষ্যে সভা/সেমিনার আহবানসহ এসেম্বলিতে আলোচনা করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ৭.১ মাদক বিরোধী প্রচারাভিযান অব্যাহত রাখাসহ সচেতনতামূলক সভা আয়োজন এবং টাস্কফোর্স অভিযান বৃদ্ধির উদ্যোগ নিতে হবে।<br><br>৭.২ মাদকের কুফল সম্পর্কে সচেতন করতে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রচারণার লক্ষ্যে সভা/সেমিনার আহবানসহ এসেম্বলিতে আলোচনা করতে হবে। | ১. ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট<br>২. জেলা প্রশাসক (সকল)<br>৩. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট<br>৪. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, সিলেট<br>৫. অধ্যক্ষ, এমসি কলেজ, সিলেট |

| | | |
|---|---|---|
| **৮. সড়ক নিরাপত্তা:**<br><br>হাইওয়েতে সকল প্রকার থ্রি-হুইলার ও সিলেট মহানগরীতে ব্যাটারিচালিত অটোরিক্সা চলাচল বন্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ঢাকা-সিলেট হাইওয়েতে সিলেট-মাধবপুর অংশের রাস্তা দ্রুত মেরামতকরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।<br><br>ছিনতাই, চুরিতে জড়িত রেজিষ্ট্রেশন বিহীন গাড়ি চলাচল বন্ধের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৮.১ হাইওয়েতে সকল প্রকার থ্রি-হুইলার ও সিলেট মহানগরীতে ব্যাটারিচালিত অটোরিক্সা চলাচল বন্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>৮.২ সিলেট-মাধবপুর অংশের রাস্তা দ্রুত মেরামতকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>৮.৩ ছিনতাই, চুরিতে জড়িত রেজিষ্ট্রেশন বিহীন গাড়ি চলাচল বন্ধে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সিলেট অঞ্চল<br>২. জেলা প্রশাসক (সকল)<br>৩. পুলিশ সুপার (সকল)<br>৪. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট<br>৫. পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, সিলেট অঞ্চল<br>৬. পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, সিলেট বিভাগ, সিলেট<br>৭. সভাপতি, পরিবহন মালিক সমিতি, সিলেট |
| **৯. বিবিধ:**<br><br>**৯.১ ডেঙ্গু প্রতিরোধ ও সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা:**<br><br>কোমলমতী শিশুরা শিক্ষা প্রতিষ্ঠান হতে যাতে ডেঙ্গু রোগে আক্রান্ত হতে না পারে সেজন্য নগরীর সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতার কার্যক্রম অব্যাহত রাখাসহ মশা নিধন ও ডেঙ্গু প্রতিরোধে ড্রেন পরিষ্কারকরণ ও ছড়া/খাল/জলাশয়সমূহ খনন, এডিস মশার লার্ভা নিধনের কার্যক্রম অধিকতর তরান্বিতকরণ এবং কওমি মাদ্রাসাসহ সকল শিক্ষাঙ্গণ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। | ডেঙ্গু প্রতিরোধে শিক্ষাঙ্গণসহ পরিষ্কার-পরিচ্ছন্নতার কার্যক্রম অব্যাহত রাখাসহ এডিস মশার লার্ভা নিধনের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক<br>২. জেলা প্রশাসক (সকল)<br>৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, সিলেট |

| | | |
|---|---|---|
| **৯.২ নিত্যপণ্যের বাজার তত্ত্বাবধান:**<br><br>সভায় পবিত্র রমজান মাস-কে কেন্দ্র করে নিত্যপণ্যের অবৈধ মজুদদারীদের সিন্ডিকেট রুখতে ও বাজারে অস্থিরতা সৃষ্টি, পণ্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি বন্ধ করতে অভিযান পরিচালনা সহ নিয়মিত বাজার মনিটরিং কার্যক্রম জোরদার করণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>ওএমএস ও টিসিবির সামগ্রিক তালিকা প্রনয়ণসহ সিটি কর্পোরেশন এর নতুন ওয়ার্ডসমূহে দ্রুত টিসিবির তালিকা করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। ওএমএস ও টিসিবি কার্যক্রমের আওতায় পণ্য বিক্রিকালে কোনো অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণের বিষয়েও সভায় আলোচনা করা হয়। | ৯.২.১ সভায়পবিত্র রমজান মাস-কে কেন্দ্র করে নিত্যপণ্যের অবৈধ মজুদদারীদের সিন্ডিকেট রুখতে ও বাজারে অস্থিরতা সৃষ্টি, পণ্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি বন্ধ করতে অভিযান পরিচালনা সহ নিয়মিত বাজার মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে।<br><br>৯.২.২ ওএমএস ও টিসিবির সামগ্রিকতালিকা প্রনয়ণ করতে হবে। সিটি কর্পোরেশন এর নতুন ওয়ার্ডসমূহে দ্রুত টিসিবির তালিকা করতে হবে।<br><br>৯.২.৩ ওএমএস ও টিসিবি কার্যক্রমের আওতায় পণ্য বিক্রিকালে কোনো অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. ডিআইজি, সিলেট রেঞ্জ<br>২. পুলিশ কমিশনার, এসএমপি<br>৩. জেলা প্রশাসক (সকল)<br><br>৪. অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট<br>৫. পুলিশ সুপার (সকল)<br><br>৬. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট |
| **৯.৩ অগ্নিকান্ড, ভূমিকম্প ও বিভিন্ন দূর্যোগ মোকাবেলা:**<br><br>সভায় বিভিন্ন বিস্ফোরণ/অগ্নিকান্ডের সার্বিক অবস্থা পর্যালোচনায় বিস্ফোরক পরিদপ্তর এর প্রধান-কে আগামী সভায় কো-অপ্ট করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>অগ্নিকান্ড প্রতিরোধে ফায়ার সার্ভিস বিভাগকে গঠিত সেফটি কমিটির সদস্যদের নিয়ে নিয়মিত সভা আয়োজন করলে অগ্নিনির্বাপণ কাজ সহজতর হবে মর্মে সভায় আলোচনা করা হয়।<br><br>ভূমিকম্প ঝুঁকিপূর্ণ এলাকা সিলেটে ভূমিকম্প পরবর্তী কার্যক্রম ও অন্যান্য দূর্যোগ মোকাবেলায় ভলান্টিয়ারদের সাথে নিয়মিত যোগাযোগ রাখা ও ভলান্টিয়ারদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৯.৩.১ বিস্ফোরক পরিদর্শক, সিলেট এর প্রধান-কে কো-অপ্ট করতে হবে।<br><br>৯.৩.২ অগ্নিকান্ড প্রতিরোধে সেফটি কমিটি সক্রিয় রাখতে সদস্যদের নিয়ে নিয়মিত সভা আয়োজন করতে হবে।<br><br>৯.৩.৩ ভূমিকম্পসহ অন্যান্য দূর্যোগ মোকাবেলায় ভলান্টিয়ারদের সাথে নিয়মিত যোগাযোগ রাখা ও ভলান্টিয়ারদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখতে হবে। | ১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক<br><br>২. জেলা প্রশাসক (সকল<br><br>৩. উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট<br><br>৪. পুলিশ সুপার, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৮, সিলেট<br><br>৫. উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট<br><br>৬. সভাপতি, সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি<br><br>৭. সহকারী বিস্ফোরক পরিদর্শক, সিলেট |

| | | |
|---|---|---|
| **৯.৪ যানজট নিরসন:**<br><br>পাসপোর্ট অফিসের যানজট নিরেসনে প্রবেশ ও বাহিরের জন্য একমুখী রাস্তা নির্মাণ কার্যক্রম শুরু এবং সিটি কর্পোরেশন এলাকায় গুরুত্বপূর্ণ সড়ক হতে হকার অপসারণ করায় সিটি কর্পোরেশন এর মেয়র এবং প্রধান নির্বাহী কর্মকর্তা-কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। পাশাপাশি কদমতলী পয়েন্ট, হুমায়ুন রশীদ চত্বর হতে হকার অপসারণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। বিভিন্ন শপিং মল/মেগা মলসমূহে ট্রেড লাইসেন্স প্রদানের সময় পাবলিক টয়লেট এর ডিজাইন অন্তর্ভূক্ত করে পারমিশন দেয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।<br><br>কদমতলী পয়েন্ট, হুমায়ুন রশীদ চত্বরসহ সিটি কর্পোরেশন এলাকায় পর্যাপ্ত পাবলিক টয়লেট স্থাপন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। নগরীর সোবহানীঘাট কাঁচাবাজার এর সামনে যানজট নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। নবনির্মিত কদমতলী বাস টার্মিনালের যানজট নিরসনে বাস/ট্রাক এর জন্য পার্কিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>যানজট রোধে সিএনজির লাইফ টাইম নির্ধারণ ক্রমে শহরে সিএনজির ধারণ ক্ষমতা অনুযায়ী সিএনজিসমূহ পরিচালনা করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। এছাড়া যানজট নিরসনে জেলা ও মেট্রোর সিএনজির আলাদা রঙ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৯.৪.১ কদমতলী পয়েন্ট, হুমায়ুন রশীদ চত্বরহতে হকার অপসারণ করার উদ্যোগ নিতে হবে।<br><br>৯.৪.২ বিভিন্ন শপিং মল/মেগা মলসমূহে ট্রেড লাইসেন্স প্রদানের সময় পাবলিক টয়লেট এর ডিজাইন অন্তর্ভূক্ত করে পারমিশন দিতে হবে।<br><br>৯.৪.২ কদমতলী পয়েন্ট, হুমায়ুন রশীদ চত্বরসহ সিটি কর্পোরেশন এলাকায় পর্যাপ্ত পাবলিক টয়লেট স্থাপন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>৯.৪.৩ নগরীর সোবহানীঘাট কাঁচাবাজার এর সামনে যানজট নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৯.৪.৪ সিএনজির মালিক সমিতির সভাপতির সাথে আলোচনাক্রমে পথচারীদের সুবিধার্থে ও যানজট রোধে সিএনজির অবৈধ পার্কিং বন্ধ করতে হবে।<br><br>৯.৪.৫ নবনির্মিত কদমতলী বাস টার্মিনালের যানজট নিরসনে বাস/ট্রাক এর জন্য পার্কিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৯.৪.৬ সিএনজির লাইফ টাইম নির্ধারণ ক্রমে শহরে সিএনজির ধারণ ক্ষমতা অনুযায়ী সিএনজিসমূহ পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>৯.৪.৭ যানজট নিরসনে | ১. পুলিশ কমিশনার, এসএমপি<br><br>২. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক<br><br>৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সিলেট<br><br>৪.জেলা প্রশাসক, সিলেট |

| | | |
|---|---|---|
| | জেলা ও মেট্রোর সিএনজির আলাদা রঙ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | |

০৪। সভায় আর কোনো উল্লেখযোগ্য আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৮.০৬.০০১.১৫.১৪৭

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০
২৮ মার্চ ২০২৪

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫) উপ-মহা পুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট
৬) পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট
৭) সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট
৮) সেক্টর কমান্ডার, বিজিবি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট
১০) উপ মহাপরিচালক, আনসার ও ভিডিপি, সিলেট
১১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, সিলেট জোন, সিলেট
১২) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার
১৩) প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট
১৪) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট বিভাগীয় কার্যালয়, সিলেট
১৫) অধিনায়ক, র‌্যাব-৯, সিলেট
১৬) অতিরিক্ত পরিচালক, এনএসআই, সিলেট
১৭) পুলিশ সুপার, সিলেট
১৮) পুলিশ সুপার, সুনামগঞ্জ
১৯) পুলিশ সুপার, হবিগঞ্জ
২০) পুলিশ সুপার, মৌলভীবাজার
২১) পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, সিলেট অঞ্চল, সিলেট
২২) পুলিশ সুপার, নৌ পুলিশ, সিলেট অঞ্চল, সিলেট
২৩) পুলিশ সুপার, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৮, সিলেট
২৪) অধ্যক্ষ, এমসি কলেজ, সিলেট

২৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সিলেট

২৬) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, সিলেট

২৭) পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট

২৮) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বিভাগীয় কার্যালয়, সিলেট

২৯) পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, সিলেট বিভাগ, সিলেট

৩০) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট

৩১) উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট

৩২) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সিলেট

৩৩) উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সিলেট

৩৪) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট

৩৫) উপপরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট

৩৬) উপ পরিচালক, তামাবিল স্থল বন্দর, সিলেট

৩৭) সহকারী বিস্ফোরক পরিদর্শক, সিলেট

৩৮) স্টেশন ম্যানেজার, সিলেট রেলওয়ে স্টেশন, সিলেট

৩৯) মেয়র, জকিগঞ্জ পৌরসভা, জকিগঞ্জ, সিলেট

৪০) সভাপতি, বার এসোসিয়েশন, সিলেট

৪১) সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, সিলেট

৪২) মুক্তিযোদ্ধা কমান্ডার, সিলেট জেলা কমান্ড

৪৩) সভাপতি, সিলেট জেলা প্রেস ক্লাব, সিলেট

৪৪) সভাপতি, পরিবহন মালিক সমিতি, সিলেট

৪৫) সভাপতি, পরিবহন শ্রমিক ইউনিয়ন, সিলেট

৪৬) সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (কার্যবিবরণী ওয়েব পোর্টালে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি
বিভাগীয় কমিশনার